


## মধুমতি মডেল টাউনের প্লট মেলা

গত মঙ্গলবার থেকে মেট্রো মেকার্স এন্ড ডেভেলপার লিমিটেডের উদ্যোগে কোম্পানির প্রধান কার্যালয়ে শুরু হয়েছে ১৮ দিনব্যাপী প্লট মেলা। ১৮ ফেব্রুয়ারি পর্যন্ত মেলায় আগ্রহী ক্রেতারা মধুমতি মডেল টাউনে তাদের পছন্দমতো প্লট বুকিং দিতে পারবেন। ক্রেতাদের সুবিধার্থে মেলা চলাকালীন সময়ে কোম্পানি হেড অফিসে (২৫/২, গ্রিন রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫) প্রতিদিন সকাল ৯টা থেকে রাত ৯টা পর্যন্ত প্লট বুকিংয়ের ব্যবস্থা রাখা হয়েছে। এ ছাড়া কোম্পানির মধুমতি মডেল টাউনের সাইট অফিসও ক্রেতাদের সুবিধার জন্য সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত খোলা থাকবে। ক্রেতারা এখানেও প্লট বুকিং দিতে পারবেন।

প্লট মেলা উপলক্ষে মেট্রো মেকার্স এন্ড ডেভেলপারস লিমিটেডের প্রকল্প দেশের সর্বাধুনিক শহর মধুমতি মডেল টাউনের প্লট ক্রয় সর্বোচ্চ ছাড়সহ প্রতিটি বুকিংয়ের জন্য আকর্ষণীয় পুরস্কারের ব্যবস্থা করা হয়েছে। উল্লেখ্য, মেট্রো মেকার্স এন্ড ডেভেলপারস লিমিটেডের মধুমতি মডেল টাউন প্রকল্পে আড়াই, ৩, সাড়ে ৩, ৫, ৬, ৭ এবং ১০ কাঠার সুবিন্যস্ত প্লট বরাদ্দ দেয়া হচ্ছে। প্লটের বিভিন্ন অবস্থান অনুযায়ী মূল্য নির্ধারণ করা হয়েছে। প্লটের মূল্য এককালীন পরিশোধে ৩৫ শতাংশ ডিসকাউন্ট রাখা হয়েছে।

## মুক্তিযোদ্ধা সিরাজকে প্রবাসীদের সাহায্য



বেগমগঞ্জের বীর মুক্তিযোদ্ধা সিরাজ মিয়া (৮০) জীবন সংগ্রামে হেরে গিয়ে এখন ভিক্ষা করছেন। রাজনৈতিক কারণে তার ভাতাও বন্ধ করে দেয়া হয়েছে। তার এই অভাব-অনটন ও দুঃখ-দৈন্যতার খবর পত্র-পত্রিকায় প্রকাশের পর সিডনির প্রবাসী ক'জন বাঙালি এগিয়ে এসেছেন। তারা হলেন- গামা আবদুল কাদের, নূরুল আজাদ, সিরাজুল হক, রবীন বণিক, গিয়াস উদ্দিন মোল্লা, নাজমুল হক, হায়াত মাহমুদ, অপু সরোয়ার, কামরুল হক, মিসেস বিলকিস জাহান, ওসমান গণি, লুৎফর রহমান শাওন প্রমুখ। তাদের প্রদত্ত ১০ হাজার টাকা সম্প্রতি কবি ও সাংবাদিক সাইফুল্লাহ মাহমুদ দুলাল নোয়াখালী গিয়ে স্থানীয় মুক্তিযোদ্ধা ইউনিট অফিসে সিরাজ মিয়ার হাতে তুলে দেন। এ সময় কয়েকজন স্থানীয় মুক্তিযোদ্ধা কমান্ডারও উপস্থিত ছিলেন।

এ ব্যাপারে সার্বিক সহযোগিতা করেন দৈনিক জনকণ্ঠের নির্বাহী সম্পাদক বোরহান আহমদ এবং জনকণ্ঠের নোয়াখালী প্রতিনিধি কামাল উদ্দিন আহমেদ। টাকা পেয়ে আনন্দে উদ্বেলিত হয়ে সিরাজ মিয়া বলেন, তিনি একটি গাভী কিনবেন এবং তা থেকে যে আয় হবে তা দিয়ে তার সংসার চালাবেন। উল্লেখ্য, উক্ত প্রবাসীরা আগামীতেও দুস্থ মুক্তিযোদ্ধা এবং বীরাঙ্গনাদের জন্য আরো সাহায্যের পরিকল্পনা নিয়েছেন।

**আতিকুর রহমান**, নির্বাহী সম্পাদক, সাপ্তাহিক স্বদেশ বার্তা, সিডনি, অস্ট্রেলিয়া

## রূপলাগির বর্ষপূর্তি

মাত্র এক বছর আগে বেলাল উদ্দিন আহমেদের উদ্যোগে যাত্রা শুরু করে রূপলাগি। পাবিরারিক ব্যবসা রূপছায়া ডাইং এন্ড প্রিন্টিংয়ের অভিজ্ঞতা থেকে ফ্যাশন হাউজ রূপলাগির জন্ম। রঙের মিশ্রণ ও শাড়ির ডিজাইনের ওপর কাজ করার কারণে একদিকে যেমন সহজ হয়ে যায়, তেমনি ভালো কিছু করার ইচ্ছাও প্রকট হয়। রূপলাগির দেশীয় কাপড়ের মধ্যে বৈচিত্র্য আনার চেষ্টা থাকে। ডিজাইন ও কাজের বৈচিত্র্যের দিকে নজর দেয়া হয় বেশি। যাতে ভিন্নতা ও নতুন কিছু ক্রেতার কাছে আসে। এই চেষ্টার ধারাবাহিকতায় সাপ্তাহিক ২০০০-এর ঈদের ফ্যাশন প্রতিযোগিতায় নিজের জায়গা গড়ে নেয় রূপলাগি।

ভবিষ্যতে আরো বড় পরিসরে দেশীয় বস্ত্র ও ভালো ডিজাইনের সমন্বয়ে স্বাতন্ত্র্য জায়গা করে নেবার ইচ্ছা রেখে ভালো কাজ করে



যাচ্ছে রূপলাগি। এন্ডি কটন, সিল্ক, জয়শ্রী খাদি ও তাঁতের সুতি নিয়ে বর্তমানে কাজ করছে তারা। ২৬ জানুয়ারি এক বছর পূর্তি উপলক্ষে রূপলাগির তিনটি শো-রুমে ১০% ছাড় দেবে। ২১ ফেব্রুয়ারি পর্যন্ত সঙ্গে থাকবে ৫% ডিজকাউন্ট কার্ড (তিন মাস মেয়াদি)। শোরুমগুলো হলো- মৌচাক মার্কেট, বন্ধুরা সিটি কমপ্লেক্স ও মোতালিব প্লাজা (হাতিরপুল)।

## ইম্পেরিয়াল কমপ্লেক্সের উদ্বোধন

'গ্রামের বাড়ি মতিঝিল' এই স্লোগানকে ভিত্তি করে দেশের অন্যতম গৃহনির্মাণকারী প্রতিষ্ঠান ইম্পেরিয়াল রিয়েল এস্টেট লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক শরিফ আজিজুল হাসান মোহন সম্প্রতি গোপীবাগে উদ্বোধন করলেন 'ইম্পেরিয়াল কমপ্লেক্স'-এর নির্মাণকাজ। এ দিন বিকেল ৪টায় কমপ্লেক্স আঙিনায় এক মিলাদ মাহফিলেরও আয়োজন করা হয়। মিলাদ মাহফিলে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন প্রকল্প পরিচালক মোঃ মঞ্জুরুল আলম মিজান, প্রধান উপদেষ্টা নিশাত ইকবাল, ব্যবস্থাপক ওয়াহিদুজ্জামান, জমির মালিকগণ শফিউল ইসলাম, আনোয়ার হোসেন উজ্জ্বল, মিজান উদ্দিন আহাম্মেদ। কমপ্লেক্সটিতে ১ বিঘা জায়গায় 'ইম্পেরিয়াল আকাসিয়া', 'ইম্পেরিয়াল মেলিসা' এবং 'ইম্পেরিয়াল কানিজ' নামে আলাদা আলাদা প্রতিটি ছয়তলা মোট তিনটি ভবন হবে।



# বাংলার মেলার ফাল্গুন কালেকশন

ফাল্গুনের রঙ হচ্ছে বাসন্তী। বাংলার মেলা এবার ফাল্গুনের কালেকশনে বাসন্তী, হলুদ, কমলা এসব উজ্জ্বল রঙের সমন্বয়ে মেয়েদের জন্য ব্লক প্রিন্টে করেছে শাড়ি, ফতুয়া, সালোয়ার-কামিজ। দাম ২৮০-৮৫০ টাকা। এন্ডি কটন শাড়িতে করা হয়েছে হ্যান্ডপেইন্ট। দাম ১৫০০ টাকা। পুরুষের জন্য নানা ডিজাইনে থাকছে ফতুয়া, শার্ট, পাঞ্জাবি। দাম ২৮০-৪২৫ টাকা।

একুশের কালেকশন

২১ ফেব্রুয়ারি মাতৃভাষা দিবস। বাংলার মেলা এবার একুশে সাদা, কালো, লাল রঙের কম্বিনেশনে ব্লক, হ্যান্ডপেইন্টে বর্ণমালা করা হয়েছে শাড়ি। দাম ৭৫০-১০৫০ টাকা। ছেলেদের জন্য থাকছে ফতুয়া। দাম ২৮০-৪০০ টাকা।



# এলিগেন্সের মেহেদি উৎসব

পবিত্র ঈদুল আজহা উপলক্ষে এলিগেন্স বিউটি পার্লারে মেহেদি উৎসবের আয়োজন করা হয়। ১৮ কামাল আতাতুর্ক এভিনিউয়ে অবস্থিত আধুনিক এই পার্লারটি গত নবেম্বরে উদ্বোধন হবার পর দ্রুত জনপ্রিয়তা পায়। রূপ সচেতন নারীদের আগ্রহ দেখেই মূলত উৎসবের আয়োজন করা হয়।

উৎসবে সঙ্গীত তারকা মেহরিন, কানিজ সুবর্ণা, সুপার মডেল মোনালিসা, লাক্স-আনন্দধারা ফটোজেনিক কুসুম শিকদার, রানী, এনটিভির ফারহানা নিশো, ফারাহ শারমীন, চ্যানেল আইয়ের সঙ্গীতা আহমেদ, দিহান, ইউ গট দ্য লুক তানিশা, লিওনী, দিনাসহ বেশ কয়েকজন মডেল ও তারকা এ উৎসবে যোগ দেন। বিকেল ৪টায় শুরু হওয়া মেহেদি উৎসবের উদ্বোধন হয় মেহরিনকে মেহেদি পরিয়ে দেবার মধ্য দিয়ে। মেহেদি পরিয়ে দেন বিউটিশিয়ান ও এলিগেন্সের স্বত্বাধিকারী নিপা মাহ্‌বুব। ১৮ জানুয়ারি থেকে শুরু হওয়া উৎসব আগামী ২১ জানুয়ারি রাত ৮টা পর্যন্ত একটানা চলবে। উৎসব উপলক্ষে যারা মেহেদি নিতে আসবেন তাদের জন্য রয়েছে বিশেষ ছাড়। মেহেদি উৎসবে আসুন, এলিগেন্সে আসুন। সৌন্দর্য বিকাশে এলিগেন্স সব সময় বন্ধুর মতো আপনার পাশে।

# ডোম-ইনো সেরিনা হস্তান্তর

সম্প্রতি ডোম-ইনো বিল্ডার্স লিমিটেড 'ডোম-ইনো সেরিনা' হস্তান্তর অনুষ্ঠানের আয়োজন করে। উত্তরা ৩ নং সেক্টরে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে প্রতিষ্ঠানটির ব্যবস্থাপনা পরিচালক আব্দুস সালাম, পরিচালক রেজওয়ান ইসলাম, পরিচালক ডেভেলপমেন্ট প্রকৌশলী জিন্নাতুল কবির, পরিচালক আপারেশন প্রকৌশলী এম এ মতিন, ডিরেক্টর




প্রকৌশল মাহমুদ হাসান এবং জেনারেল ম্যানেজার চন্দন কে দাস প্লট মালিকদের সঙ্গে মতবিনিময় করেন।




সম্প্রতি বিশিষ্ট সমাজকর্মী এস এম ফয়েজ উল্লাহ স্মরণে মীরসরাই উপজেলার ৪ নং ধুম ইউনিয়নে গোলকেরহাট উচ্চ বিদ্যালয়ে ঢাকাস্থ মীরসরাই সমিতির আয়োজনে নাগরিক শোক সভায় প্রধান আলোচক হিসেবে বক্তব্য রাখছেন বিশিষ্ট লেখক কলামিস্ট, মধুমতি মডেল টাউনের স্পন্সর ডিরেক্টর ও ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর এম এম এমরান চৌধুরী।